পুরুলিয়ায় শুরু হল অযোধ্যা পাহাড় পর্যটন উৎসব

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া ঃ শনিবার থেকে রীতি মেনে অযোধ্যা পাহাড় পর্যটন উৎসব শুরু হল পুরুলিয়ায়। এদিন এই উৎসবের প্রদীপ জ্বালিয়ে সূচনা করেন রাজ্যের পশ্চিমাঞ্চল উন্নয়ন বিভাগের মন্ত্রী শান্তিরাম মাহাতো। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অনগ্রসর শ্রেণি কল্যাণ দফতরের রাষ্ট্রমন্ত্রী সন্ধ্যারানি টুডু, পুরুলিয়ার সাংসদ মৃগাঙ্ক মাহাতো, সভাধিপতি সৃষ্টিধর মাহাতো, পুরুলিয়ার জেলাশাসক অলকেশ প্রসাদ রায় প্রমুখ। এবার এই উৎসব পাঁচবছরে পদার্পণ করলো। রাজ্যে পালাবদলের পর পুরুলিয়া জেলা পরিষদের উদ্যোগে ২০১৩ সালে এই উৎসবের শুভারম্ভ হয়। সেই পরম্পরা বজায় রেখেই এবারের বাঘমুন্ডি ব্লকের অযোধ্যা হিলটপে এই উৎসব শুরু হল। উৎসব উপলক্ষ্যে মেলা প্রাঙ্গণে আদিবাসী নাচ, গান, ছৌনৃত্য, নাটুয়া নাচ, ঝুমুর ও টুসু গানের আয়োজন করা হয়েছে। প্রতিবছর এই উৎসবে এলাকার মানুষের সহযোগিতার জন্য সকলকে অভিনন্দন জানিয়েছেন উৎসবের উদ্যোক্তরা।

বিষ্ণুপুরে বাস-লরি সংঘর্ষঃ আহত ৯

নিজস্ব সংবাদদাতা, বিষ্ণুপুর ঃ শনিবার ভোরে বিষ্ণুপুরের খড়িকাশুলিতে ৬০ নম্বর জাতীয় সড়কে পর্যটক বোঝাই বাসের সঙ্গে পাথর বোঝাই লরির মুখোমুখি সংঘর্ষে চালকসহ ৯ জন যাত্রী জখম হয়েছেন। তাঁদের প্রত্যেকেরই বাড়ি পশ্চিম মেদিনীপুরের বেলদা এলাকায়। তাঁরা মাইথন জলাধারে বেড়াতে যাচ্ছিলেন। পুলিশ জানিয়েছে, এদিন যাত্রীবাহী বাসটি গড়বেতার দিক থেকে জাতীয় সড়ক দিয়ে বিষ্ণুপুরের দিকে আসছিল। খড়িকাশুলিতে উল্টোদিক থেকে আসা একটি পাথর বোঝাই লরির সঙ্গে বাসের মুখোমুখি সংঘর্ষ হয়। তাতে বাসের চালকসহ মোট ৯ জন যাত্রী জখম হন। আহতদেরকে বিষ্ণুপুর জেলা হাসপাতালে ভর্তি করা হয়। পরে অবস্থার অবনতি হওয়ায় একজনকে কলকাতায় স্থানান্তরিত করা হয়েছে। বিষ্ণুপুরের আইসি আস্তিক মুখোপাধ্যায় বলেন, কুয়াশার কারণে দুর্ঘটনা ঘটেছে। লরিটি আটক করা হয়েছে। বেলদার সুজয় পল্লীর বাসিন্দা অনিমেষ মাইতি এদিন বিষ্ণুপুর হাসপাতলের বেডে শুয়ে বলেন, শুক্রবার রাত সাড়ে দশটা নাগাদ বেলদা থেকে আমাদের বাস ছেড়েছিল। বাসে সবমিলিয়ে মোট ৮৫ জন পর্যটক ছিল। কুয়াশার কারণে বাসটি ধীর গতিতে চলছিল। তার মধ্যেই হঠাৎ একটি লরি সামনে চলে আসায় বাসের সঙ্গে ধাক্কা লাগে। জোরে ঝাঁকুনি হওয়ায় যাত্রীদের আঘাত লাগে। আমার বুকে ও হাতে আঘাত লেগেছে। দুর্ঘটনাগ্রস্থ বাসের অপর এক যাত্রী নবনীতা দাস বলেন, আমি ঘুমিয়ে গিয়েছিলাম। হঠাৎ প্রচন্ড ঝাঁকুনিতে ঘুম ভেঙে যায়। তারপর দেখি আমার মাথা ও হাত যন্ত্রণা করছে। কপাল দিয়ে রক্ত বেরোচ্ছে। পরে বুঝলাম দুর্ঘটনায় পড়েছি। সাধ করে মাইথন বেড়াতে যাচ্ছিলাম। এরকম দুর্ঘটনায় পড়ব বুঝতে পারিনি।

মঙ্গলকোটে বিভিন্ন প্রকল্পের কাজ পরিদর্শনে পঞ্চায়েত আধিকারিকরা

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান ঃ পঞ্চায়েত দপ্তরের নতুন নির্দেশের পর মঙ্গলকোট ব্লকজুড়ে ১৫টি গ্রাম পঞ্চায়েত এলাকায় বিভিন্ন সরকারি প্রকল্পের কাজ খতিয়ে দেখতে পরিদর্শন শুরু করলেন পঞ্চায়েত দফতরের আধিকারিকরা। পঞ্চায়েত সমিতির পূর্ত দফতরের কর্মাধ্যক্ষ মুন্সি রেজাউল হক জানিয়েছেন যে, যুগ্ম সমষ্টি উন্নয়ন আধিকারিক নির্মল বিশ্বাসের নেতৃত্বে এবং আই এস জি পি-র প্রতিনিধিরা পঞ্চায়েত এলাকার বিভিন্ন গ্রামে গিয়ে কাজের মান খতিয়ে দেখেন। ওইসব প্রকল্পগুলির রূপায়ণে সমস্ত সরকারি নিয়মবিধি মেনে করা হয়েছে কিনা তা খতিয়ে দেখেন পঞ্চায়েত দফতরের আধিকারিকরা। সম্প্রতি পঞ্চায়েত থেকে ২৫০০০ টাকার বেশি বিল দেওয়ার ক্ষেত্রেও জেলাস্তরের আধিকারিকদের অনুমোদন নিতে হবে বলে পঞ্চায়েত দপ্তরের নির্দেশ চলে এসেছে প্রতিটি গ্রাম পঞ্চায়েত অফিসে। মঙ্গলকোট ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিক মোস্তাক আহমেদ জানিয়েছেন, ব্লক জুড়ে ব্যাপক উন্নয়নমুখী কাজ হয়েছে এবং হচ্ছে। ঢালাই রাস্তা থেকে শুরু করে পিচরাস্তা এবং জলনিকাশী ব্যবস্থার জন্য নালা, কমিউনিটি হল, প্রতীক্ষালয়, পানীয় জলের প্রকল্প প্রভৃতি কাজের উন্নয়ন হয়েছে এলাকাতে। আরও বহু কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে বলে জানিয়েছেন পঞ্চায়েত সমিতির সভাপতি কুন্তলা বন্দ্যোপাধ্যায়। ইতিমধ্যে পঞ্চায়েত সমিতির কৈচর ১, শিমুলিয়া ২ ও চানক প্রভৃতি এলাকা পরিদর্শন করেছেন যুগ্ম সমষ্টি উন্নয়ন আধিকারিক ও পঞ্চায়েত দফতরের আধিকারিকরা।

আউসগ্রামে ফের চুরির ঘটনাঃ কর্তব্যে গাফিলতির অভিযোগ উঠেছে পুলিশের দিকে

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান ঃ চুরির ঘটনা পিছু ছাড়ছে না পূর্ব বর্ধমান জেলার বিভিন্ন অঞ্চলে। শুক্রবার রাতে ফের চুরির ঘটনা ঘটলো আউসগ্রামে। স্থানীয় মানুষ ও পুলিশ সূত্রে জানা গেছে যে, আউসগ্রাম থানার অন্তর্গত আমরাগড়ের দক্ষিণপাড়ার এক বাসিন্দার বাড়ির জানালা ভেঙে দুষ্কৃতীরা ঘরের ভিতরে ঢুকে বহুবিধ জিনিসপত্র নিয়ে চম্পট দিয়েছে। দুষ্কৃতীরা নগদ টাকা, নামী দামি আসবাবপত্র নিয়ে গিয়েছে বলে জানা গেছে। রাকেশ পাল নামে ওই ব্যক্তির বাড়িতে চুরির ঘটনা ঘটেছে। চুরির ঘটনা আউসগ্রাম থানায় লিখিত আকারে জানিয়েছেন তিনি। শনিবার পুলিশ সূত্রে খবর, আউসগ্রাম থানার পুলিশ তদন্ত শুরু করেছে। বাড়ির মহিলা কর্ত্রী পূজা দেবী জানিয়েছেন, দরজা খুলে নানান জিনিস নিয়ে গেছে দুষ্কৃতীরা। ওই একই গ্রামে বাড়ি ফাঁকা থাকার সুযোগে এক অবসরপ্রাপ্ত শিক্ষকের বাড়িতেও চুরির ঘটনা ঘটেছিল। পুলিশ আজ পর্যন্ত ওই বাড়িতে চুরির ঘটনার কোনও কিনারা করতে পারেনি বলে জানান এলাকার বাসিন্দারা। এছাড়াও কয়েকদিন আগে গুপীনাথবাটী গ্রামেও পরপর কয়েকটি বাড়িতে চুরি হয়। গাড়ি চুরির ঘটনাও পুলিশ আজও পর্যন্ত কোনও কিনারা করে উঠেতে পারেনি। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ যে, প্রায়ই এই ধরনের চুরির ঘটনা ঘটেছে। রাতে পুলিশ পাহারার ব্যবস্থা করছে না বলে অভিযোগ। চুরির ঘটনার কিনারা করতে পারেনি বলে অভিযোগ উঠেছে পুলিশের বিরুদ্ধে। এর আগে কাটোয়া পূর্বস্থলী ২ ব্লকের কাষ্ঠশালি, চুপি পারুলিয়া বাজারে চুরির ঘটনা ঘটে। পুলিশ এখন পর্যন্ত কড়া ব্যবস্থা নিতে পারেনি এবং চোরেদের ধরে উঠতে পারেনি বলে খবর। যদিও এই চুরির ঘটনাকে ঘিরে জেলা পুলিশের এক উচ্চপদস্থ আধিকারিক জানিয়েছেন যে, নিয়মিতভাবেই গ্রামের পাহারার ব্যবস্থা করা হয়েছে। কয়েকটি বাড়িতে চুরির ঘটনা ঘটেছে। তাঁরা গুরুত্ব দিয়ে বিষয়টি দেখবেন বলে জানা গেছে।

পূর্বস্থলী ১ ব্লকের নিমতলায় কিষাণ মান্ডিতে কৃষি প্রশিক্ষণ শিবির

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান ঃ পূর্বস্থলী ১ নম্বর ব্লক কৃষি দফতরের উদ্যোগে এক কৃষি প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হল। ব্লকের নিমতলা বাজারে কিষাণ মান্ডিতে এই প্রশিক্ষণ শিবির হয়। এই শিবিরে যোগ দিয়েছিলেন কালনা মহকুমা কৃষি আধিকারিক অনিরুদ্ধ দত্ত, ব্লক কৃষি সহ-অধিকর্তা পরিতোষ হালদার, টেকনোলজি ম্যানেজার সন্দীপ মন্ডল ও আত্মা প্রকল্পের চেয়ারম্যান পরিমল দেবনাথসহ অনেকে। সন্দীপ মন্ডল জানিয়েছেন যে, ৮০ জন চাষিকে উন্নত পদ্ধতিতে বোরো ধান চাষের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। জানা গেছে যে, আগামী দিনে কোনসময়ে এ জাতের ফসল উৎপাদন করতে পারে এবং আধুনিক প্রযুক্তিগত প্রশিক্ষণ নিয়ে যাতে আরও বেশি ফলন পেতে পারে তার শিক্ষা দিতেই এই প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়েছে।

পুরুলিয়া জেলার ২০১৭ কে ফিরে দেখা

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া ঃ ২০১৭ সাল জুড়ে পুরুলিয়াতে একাধিক ঘটনা ঘটেছে। আমরা তারই কিছু উল্লেখযোগ্য ঘটনা তুলে ধরলাম—

X ৪ জানুয়ারি পুরুলিয়া মফস্বল থানার ধানসুড়া গ্রামের প্রেমিক প্রেমিকার পুরুলিয়া সংশোধনাগারে ৭ বছরের ছেলেকে পাশে বসিয়ে বিয়ে দেওয়া হল।
X ১৮জানুয়ারি ঝালদা সত্যভামা বিদ্যাপীঠের অনুষ্ঠানে যোগ দিতে এলেন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়।
X ২৪ ফেব্রুয়ারি কলকাতায় পড়াশোনা করতে গিয়ে ভাড়াবাড়িতে পুরুলিয়া আমলা পাড়ার যুবক ইমন দত্তের ঝুলন্ত দেহ উদ্ধারের ঘটনায় সারা জেলায় শোরগোল।
X ২৪ ফেব্রুয়ারি ভামুরিয়ার বাথানেশ্বর শিব মন্দিরের অনুষ্ঠানে এলেন নায়িকা ঋতুপর্ণা সেনগুপ্ত।
X ২৪ ফেব্রুয়ারি সাঁতুড়ির বালিতোড়া গ্রামের এক ব্যক্তির দশ চাকা লরি উধাও।
X ৬ মার্চ আদ্রায় প্রসাধন সামগ্রীর দোকানে ভয়াবহ অগ্নিকান্ড।
X ১১ মার্চ পুরুলিয়ার বিধায়ক কেপি সিংদেওয়ের জীবনাবসান।
X ৩০ মার্চ পানীয় জলের দাবিতে পুরুলিয়া বি এড কলেজের কাছে স্থানীয় মানুষের প্রায় ৬ ঘন্টা জাতীয় সড়ক অবরোধ।
X ৩০ মার্চ পানীয় জলের দাবিতে পুরুলিয়া বি এড কলেজের কাছে স্থানীয় মানুষের প্রায় ৬ ঘন্টা জাতীয় সড়ক অবরোধ।
X ৬এপ্রিল এক জনসভা মানবাজার ও ঝালদাকে মহকুমা হিসাবে ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী।
X ৭ এপ্রিল মানবাজার ও ঝালদা মহকুমার পথচলা শুরু হল।
X ৭ এপ্রিল বাড়িতে মা কালীর মূর্তির সামনে মা-কে নরবলি দিল বরাবাজার থানার বামু গ্রামের যুবক ন্যাড়া কুমার।
X ১১ এপ্রিল পুরুলিয়া স্টেশনের কাছে ট্রেনে কাটা পড়ে মৃত্যু হল অবসরপ্রাপ্ত এক ব্যাঙ্ক কর্মীর।
X ১৩এপ্রিল আড়শার পগরডি গ্রামের জনৈক কিশোরী হঠাৎ নিখোঁজ।
X ১৫ এপ্রিল জেসিবি গাড়ির টায়ার বোঝাই লরি হাইজ্যাক করতে গিয়ে আড়শা এলাকায় বমাল, ৪ দুষ্কৃতী পুলিশের জালে ধরা পড়লো।
X ১৯ এপ্রিল মফস্বল থানার রায়বাঘিনী এলাকাতে ২৩ কেজি গাঁজাসহ দু'জন ধৃত।
X ২ মে পুরুলিয়া শহরের দুলমী এলাকায় সরকারি বাসের চাকায় পিষ্ট হয়ে মৃত্যু হল ষষ্ঠ শ্রেণির ছাত্রের।
X ২ মে পাড়া থানার রামকৃষ্ণপুর নতুনডি গ্রামে শ্বশুর ও পুত্রবধূর বজ্রপাতে মৃত্যু।
X ১০ মে বরাবাজার ব্লকের তুমড়াসোল গ্রাম পঞ্চায়েত অফিসে হামলা চালানোর অভিযোগে ৬ মহিলা গ্রেফতার।
X ১৭ মে পুরুলিয়া নিস্তারিনি কলেজের পিছনের এলাকা থেকে সশস্ত্র ৪ ডাকাত ধরা পড়লো।
X ১৮ মে ২৩ কেজি গাঁজাসহ পুরুলিয়া জিইএল চার্চের অদূরে রাঁচি রোড থেকে এক মহিলাসহ দু'জন বাইক আরোহীকে পাকড়াও করল পুলিশ।
X ১৯ মে বরাবাজার থেকে দলীয় কর্মসূচী সেরে ফেরার পথে ৬ বিজেপি কর্মীর উপর হামলা।
X ২৩ মে আদ্রা থানার গোসাইডাঙ্গা গ্রামে মরা শিশুকে বাঁচিয়ে তোলার প্রতিশ্রুতি দেওয়ার অভিযোগে ২ প্রৌঢ়াকে ডাইনি অ্যাখ্যা দেওয়ার ঘটনায় সারা জেলায় তোলপাড়।
X ৩০ মে সাঁওতালি ভাষায় উচ্চমাধ্যমিক দিয়ে রাজ্যে প্রথম হল বন্দোয়ান এলাকার আদিবাসী তরুণী অনুপমা হাঁসদা।
X ১ জুন ঝালদা শহরের যুবক শ্রীশ হালদারের পুকুরপাড় থেকে দেহ উদ্ধারের ঘটনায় উত্তাল ঝালদা এলাকা। ধৃত প্রেমিকের বাবা।
X ৬ জুন আর্থিক প্রতারণার অভিযোগে ধৃত সিনেমার নকল প্রযোজক লাস্যময়ী সোমা মিত্তল ওরফে সোমা বাগকে পুরুলিয়া আদালতে তোলা হল।
X ৬ জুন ১৮টি বাইকসহ বাঘমুন্ডি থানা এলাকার চোরাই চক্রের এক পান্ডা গ্রেফতার।
X ৮ জুন পুরুলিয়া এম এস এ পরিচালন সমিতির ক্ষমতা দখল করল তৃণমূল।
X ২৭ জুন পুরুলিয়া-বাঁকুড়া ৬০ এ জাতীয় সড়কে মফস্বল থানার সুরুলিয়া এলাকায় ট্রাকের পিছনে মারুতির ধাক্কায় মারুতির ৩ আরোহীর মৃত্যু।
X ২৯ জুন বিয়ে হওয়ার পরেও অষ্টম শ্রেণির নাবালিকা ছাত্রীর সিঁথির সিঁদূর মুছে ফেলতে বাধ্য করল প্রশাসন।
X ১৪ জুলাই রঘুনাথপুর থানার শিমূলহিড় এলাকায় পিক আপ ভ্যান উল্টে ৪ শ্রমিকের মর্মান্তিক মৃত্যু।
X ২২ জুলাই সুঁচকান্ডে অসুস্থ মফস্বল থানার নদীয়াড়া গ্রামের শিশুকন্যা কলকাতা এসএসকেএম হাসপাতালে মারা গেল। সেদিনই গ্রেফতার করা হল তার মা মঙ্গলা গোস্বামীকে।
X ২৫ জুলাই রঘুনাথপুর থানার নন্দুয়াড়া এলাকায় অটোর উপর দেওয়াল ধসে পড়ে দু'জনের মৃত্যু।
X ৩০ জুলাই উত্তরপ্রদেশের শোনভদ্র জেলার পিপড়ি এলাকা থেকে সুঁচকান্ডে প্রধান অভিযুক্ত সনাতন ঠাকুর পুলিশের জালে ধরা পড়লো।
X ৮ আগষ্ট পুরুলিয়ার পুলিশ সুপারের কাছে তরুণ তরুণী দুই মাওবাদী স্কোয়াড সদস্য হাজারী হেমব্রম ও রাণী মুন্ডা আত্মসমর্পণ করল।
X ১৫ আগষ্ট লায়ন্স ক্লাবের সুপার স্পেশালিটি হাসপাতালের উদ্বোধন হল পুরুলিয়ায়।
X ২৪ আগষ্ট বলরামপুর থানার মন্ডলকেরুয়া গ্রামের কুয়োয় ঝাঁপ দিয়ে বৃদ্ধ দম্পতির সহমরণ।
X ১৪ সেপ্টেম্বর মাওবাদীদের ল্যান্ডমাইন বিস্ফোরণে নিহত বান্দোয়ান থানার ওসি নীলমাধব দাসের আবক্ষ মূর্তি স্থাপিত হল থানা চত্বরে।
X ১৭ সেপ্টেম্বর চিটফান্ড সংস্থার কর্ণধার রঘুনাথপুরের সত্যরঞ্জন চৌধুরীর ৫০ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করলো আর্থিক দূর্নীতি দমন শাখা।
X ২৪ সেপ্টেম্বর অস্ত্রশস্ত্র সমেত বাইক চোরাই চক্রের দু'জন গ্রেফতার নিতুড়িয়া থানা এলাাকায়।
X ৬ অক্টোবর হুড়া থানার কলাবনি গ্রামে পাড়া থানার বৈশ্যকুলি গ্রামের যুবক পিটিয়ে মারল স্থানীয়রা।
X ৯ অক্টোবর আদ্রা থানার খাড়াই গ্রামে যুবক খুনের ঘটনায় ৫ জনকে গ্রেফতার।
X ১৬ অক্টোবর দিল্লিতে ফ্রিজের ভিতর থেকে যুবকের মৃতদেহ উদ্ধারের ঘটনার তদন্ত করতে বলরামপুরে এলো দিল্লি পুলিশের দল।
X ১৬ নভেম্বর রঘুনাথপুরের বুঁদলা মোড়ে দাঁড়িয়ে থাকা ডাম্পারের পিছনে ধাক্কা মেরে মৃত দুই বাইক আরোহী।
X ১৮ নভেম্বর আনাড়া রেল মার্কেটে নৈশপ্রহরীকে বেঁধে রেখে সোনার দোকানে ভয়াবহ ডাকাতি।
X ২৯ নভেম্বর গাঁজা পাচারের অভিযোগে প্রাথমিক শিক্ষক মফস্বল থানা এলাকার শুভজিৎ মাহাতা গ্রেফতার।
X ১ ডিসেম্বর বরাবাজার থানার রাধানগর এলাকায় জঙ্গলে গলায় কাপড়ের ফাঁস লাগানো বৃদ্ধার রহস্যজনক মৃত্যু।
X ৪ ডিসেম্বর ওয়েস্ট বেঙ্গল জুডিশিয়াল পরীক্ষায় রাজ্যে প্রথম স্থান পেলেন পুরুলিয়া শহরের প্লাবন মুখোপাধ্যায়।
X ১০ ডিসেম্বর জেলার স্কুলগুলির মধ্যে সর্বপ্রথম মানবাজারের গোবিন্দপুর প্রাথমিক বিদ্যালয়ে সৌরবিদ্যুৎ পরিষেবা চালু হল।
X ১২ ডিসেম্বর ঝালদা ২ ব্লকের উপরবাটরী এলাকার সভায় ১০৯ টি প্রকল্পের উদ্বোধন ও ২৬৩টি প্রকল্পের শিল্যান্যাস করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।
X ১৭ ডিসেম্বর পুরুলিয়া ট্যাক্সিস্ট্যান্ডের ক্লক টাওয়ার ও পুরুলিয়া শহরে মাল্টি সুপার হাসপাতাল চালু করালো পুরুলিয়া রোটারী ক্লাব।
X ১৭ ডিসেম্বর পিকনিক করতে যাওয়ার পথে পুরুলিয়ার শিমুলিয়া এলাকায় ৩২ নং জাতীয় সড়কে বাসের সঙ্গে পিক আপ ভ্যানের সংঘর্ষে ৩ যাত্রীর মৃত্যু।
X ১৯ ডিসেম্বর গুজরাটের কর্মস্থল থেকে বাড়ি ফেরার পথে আদ্রা থানা এলাকার যুবকের রহস্যমৃত্যু হল।
X ২২ ডিসেম্বর পুরুলিয়া শহরে রাষ্ট্রয়াত্ত ব্যাঙ্কের একটি শাখায় বিধ্বংসী অগ্নিকান্ড।
X ২৫ ডিসেম্বর বিজেপি দলে যোগদানের পর মুকুল রায় প্রথম সভা করলেন।

ইন্দাসে ডিউস ক্রিকেট প্রতিযোগিতা

রামকমল রক্ষিত, ইন্দাস ঃ প্রতিবছরের মতো এবছরেও ইন্দাস হাইস্কুল মাঠে ইন্দাস টুর্নামেন্ট কমিটির পরিচালনায় বিশ্বজিৎ সিংহদেব স্মৃতি ট্রফি ডিউস ক্রিকেট টুর্নামেন্ট প্রতিযোগিতা হয়ে গেল। ২০০৯ সাল থেকে চলতি বছর পর্যন্ত ৯ বছর যাবৎ এই টুর্নামেন্ট প্রতিযোগিতাটি বাঁকুড়ার ইন্দাসে হয়ে আসছে। গত ২৪ ডিসেম্বর থেকে ৮টি টিমের মধ্যে প্রতিযোগিতাটি শুরু হয়েছিল। প্রতিযোগিতাগুলি হয়েছিল, মেদিনীপুর বনাম দি এপিক ব্লাস্টার্স (ইন্দাস), সোনামুখী ক্লাব রাইনো বনাম জামালপুর নেতাজী অ্যাথলেটিক ক্লাব, রাইসিং সান বাঁকুড়া বনাম জগাছা থানা জোনাল স্পোর্টস অ্যাসোসিয়েশন, পুরুলিয়া নডিহা জিমন্যাস্টিক অ্যাসোসিয়েশন বনাম রানাঘাট ফ্রেন্ডস ক্লাব প্রভৃতি। ৩০ ডিসেম্বর শনিবার উক্ত প্রতিযোগিতার বিজয়ী প্রথম সেমিফাইনাল বনাম বিজয়ী দ্বিতীয় সেমিফাইনালে উত্তীর্ণ টিম যথাক্রমে পুরুলিয়া নডিহা জিমন্যাস্টিক অ্যাসোসিয়েশন বনাম ইন্দাস এপিক ব্লাস্টার্স দলের ফাইনাল খেলা প্রতিযোগিতা শুরু হয়। এদিন বেলা সাড়ে ১১টায় প্রতিযোগিতা শুরু হয় এবং চলে বিকাল ৪টা পর্যন্ত। প্রতিযোগিতার শেষে ইন্দাস এপিক ব্লাস্টার্স ১০ উইকেটে পুরুলিয়া নডিহা অ্যাসোসিয়েশনকে পরাজিত করে। টুর্নামেন্ট কমিটির সেক্রেটারী বিশ্বরূপ ভট্টাচার্য জানালেন, ক্রীড়াপ্রেমী, দক্ষ সংগঠক এবং একজন শিক্ষক হিসাবে এলাকায় পরিচিত বিশ্বজিৎ সিংহদেবের অকাল প্রয়াণে তাঁর স্মৃতিরক্ষার্থে প্রতিবছর ইন্দাসে এমন দিনে ক্রিকেট প্রতিযোগিতাটি করানো হয়। এবছরেও তা অনুষ্ঠিত হল। এদিনের প্রতিযোগিতায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ইন্দাসের বিডিও সুচেতনা দাস, ইন্দাস পঞ্চায়েত সমিতির সভাপতি ফরিদা খাতুন, সহ সভাপতি সুকুমার রায়, ব্লক কর্মী শিবপ্রসাদ চৌধুরী, প্রাক্তন প্রধান শিক্ষক মহাদেব পাল প্রমুখ বিশিষ্ট ব্যক্তিগণ। এছাড়াও উপস্থিত ছিলেন, এলাকার বহু ক্রীড়াপ্রেমী দর্শকবৃন্দ। প্রতিযোগিতার শেষে বিজয়ী ও বিজিত উভয়দলের ক্যাপ্টেনদের হাতে ট্রফি ও পুরস্কারগুলি তুলে দেন বিডিও সুচেতনা দাস ও পঞ্চায়েত সমিতির সভাপতি ফরিদা খাতুন।

কাটোয়া ২ ব্লকের জগদানন্দপুরে সমব্যথী প্রকল্পে চেক বিতরণ

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান ঃ শনিবার কাটোয়া ২ ব্লকের অধীন জগদানন্দপুর গ্রাম পঞ্চায়েতের ব্যবস্থাপনায় এলাকার সমব্যথী প্রকল্পের চেক বিতরণ করা হল। এই প্রকল্পে উপভোক্তাদের হাতে চেক তুলে দেন গৌতম ঘোষাল। গৌতম ঘোষাল জানিয়েছেন যে, এ পর্যন্ত তাঁর গ্রাম পঞ্চায়েত এলাকার ৮৫ জন উপভোক্তার হাতে এরকম ২০০০ টাকা করে চেক তুলে দেওয়া হয়েছে। তিনি আরও জানিয়েছেন যে, পরবর্তীকালে আরও এই ধরনের ঘটনা ঘটলে সমব্যথী প্রকল্পের মাধ্যমে সঙ্গে সঙ্গে চেক দেওয়ার কাজ শেষ করা হবে। কাটোয়া ২ পঞ্চায়েত সমিতির সভাপতি নরেশ চন্দ্র মন্ডল ও পূর্ত দফতরের কর্মাধ্যক্ষ সুব্রত মজুমদার এ পর্যন্ত তাদের সমিতির বিভিন্ন পঞ্চায়েতের উপভোক্তাদের সমব্যথী প্রকল্প সমস্ত চেক বিতরণ করা হয়েছে। এর জন্য সাধারণ গরীব মানুষ ভীষণভাবে উপকৃত হয়েছেন।

ডাঃ অশোক কুমার নন্দী
MBBS, MD, FIAMS
Regd. No.- 54156 (WBMC)
:: রোগী দেখছেন ::
স্পন্দন হেলথ্ পয়েন্ট-এ
লিংক রোড, আরামবাগ, হুগ লি
সময়- সকাল ১০.৩০ মি. থেকে বিকাল ৪টে পর্যন্ত।
যোগাযোগ ঃ 9732228783, 9775034533

OUR SPECIALITY
সুচিকিৎসাই আসলকথা...
APEXX
আরামবাগ অ্যাপেক্স ডায়াগনস্টিক এণ্ড হেল্থ কেয়ার প্রাইভেট লিমিটেড
১। ডায়াগনষ্টিক বিভাগ
২। বিশেষজ্ঞ ডাক্তারবাবুর চেম্বার
৩। ঔষধ দোকান
৪। শল্য চিকিৎসা বিভাগ
৫। জরুরী চিকিৎসা বিভাগ
৬। নার্সিং হোম
পি.সি.সেন মার্কেট দ্বিতল, লিঙ্ক রোড, আরামবাগ, হুগলী, পঃবঃ ৭১২৬০১
Ph. 03211-255867/256867
Mob. 9093965838
e-mail :abgapex@gmail.com
abgapexx@rediffmail.com
আরামবাগ